



121709
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১



Website: www.bmeb.gov.bd E-mail: info@bmeb.gov.bd Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/গাইবান্ধা-৫৭/২২১৬


তারিখ: ০৫ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ
২১ অক্টোবর ২০২০ খ্রি.

বিষয়: রিট পিটিশন নং-১০৮৬৪/২০১৯ সম্পর্কে অবহিতকরণ প্রসঙ্গে

সূত্র: ১। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৬১.১৯-৫৫; তারিখ: ২৬/০১/২০২০ খ্রি;
২। রিট পিটিশন নং-১০৮৬৪/২০১৯;
৩। মাদ্রাসা প্রধানের ১২/০৫/২০১৯ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন আজোপাড়া দাখিল মাদ্রাসার সুপার ম্যানেজিং কমিটি অনুমোদনের জন্য সূত্রোক্ত ০৩ নং স্মারকে আবেদন করেন। দেখা যায়, দাখিলকৃত ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মোঃ সাখাওয়াত হোসেন, ভূরারঘাট সিনিয়র মাদ্রাসার একজন আরবী প্রভাষক। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর ৭(২) মোতাবেক “কোন শিক্ষক কিংবা শিক্ষক শ্রেণির সদস্য ম্যানেজিং কমিটির সভাপতি পদে মনোনীত হইবেন না” মর্মে বিধান আছে। ম্যানেজিং কমিটির সভাপতি একজন শিক্ষক হওয়ায় দাখিলকৃত ম্যানেজিং কমিটি অনুমোদন দেয়ার সুযোগ নেই। মাদ্রাসা পরিচালনার স্বার্থে এডহক কমিটি গঠনের অনুমতি চেয়ে আবেদন করার জন্য মাদ্রাসা প্রধানকে পত্র দেয়া হয়েছে।

বিষয়টি মহোদয়কে সদয় অবহিত করা হলো।


(প্রফেসর কায়সার আহমেদ)
চেয়ারম্যান
ফোনঃ ৫৮৬১০২১৬

ই-মেইল: chairman@bmeb.gov.bd

সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ:

মো: আ: খালেক মিঞা, সিনিয়র সহকারী সচিব (আইন),
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;

অনুলিপি:

- অতিরিক্ত সচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(মহোদয়ের সদয় অবগতির জন্য);
- অফিস কপি।